



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৫.১৫-১৫২

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

বিষয়ঃ রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ মামলায় ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ মামলায় বিচারাধীন থাকায় রিট মামলার রায় স্থগিতসহ সিপিএলএ মামলার হালনাগাদ তথ্য TMED কে অবহিতকরণ।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.১০৪.১৮৭২ তারিখঃ ১৮.০২.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার ধুনট উপজেলাধীন কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভোকেশনাল শাখায় কম্পিউটার ডেমো: পদে জনাব মো: আবু খায়ের গত ১৯.০৬.২০০৪ খ্রি. তারিখ হতে এমপিওভুক্তকরণের আদেশ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ দায়ের করা হয়।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

In the result, the rule is disposed of with direction upon the respondents to include the name of the petitioner in the M.P.O List, if he has requisite qualification within 1 (one) month from the date of receipt of this order.

The respondent No. 1 is also directed to investigate the matter by framing a 3 (three) members enquiry committee headed by the District Education officer, Bogra to find out the real perpetrators, within 1 (one) month from the date of receipt of this order and conclude the investigation as soon as possible preferably within 6 (six) months from the date of receipt of this order and take necessary action in accordance with the law and submit a report to the Registrar, Bangladesh Supreme Court, High Court Division, Dhaka within 1 (one) month, after expiry of the aforesaid six months.

০৩। উল্লেখ্য, জনবল কাঠামো-২০১০ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানে কম্পিউটার ডেমোনেস্ট্রার পদে ০১ জনের প্রাপ্যতা রয়েছে এবং উক্ত পদে DTE কর্তৃক জনাব মো: আব্দুল বাকী -কে গত ১২.০২.১৩ তারিখের এমপিও সভায় (নবম) এমপিওভুক্ত করা হয়।


০৪। রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় মহামান্য হাইকোর্টের গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য DTE কর্তৃক অনুরোধ করা হয়েছে। মামলার রায় বাদীকে ০১ (এক) মাসের মধ্যে এমপিওভুক্তকরণ অংশের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের জন্য রায়ের সার্টিফাইড কপি সহ মামলা সংক্রান্ত কাগজপত্রাদি বিজ্ঞ সলিসিটর বরাবর প্রেরণ করা হয়েছে।

০৫। সলিসিটর উইং হতে উক্ত মামলার রায়/আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য বিজ্ঞ আইনজীবী জনাব হেলাল আমিনকে এ্যাডভোকেট-অন-রেকর্ড (AOR) হিসেবে নিয়োগ দেয়া হয়।

০৬। DTE কর্তৃক মামলার পিটিশনার জনাব মো: আবু খায়ের, কম্পিউটার ডেমোনেস্ট্রার এর এমপিও আবেদন নিষ্পত্তিকরণের শুনানি গ্রহণপূর্বক সকল কাগজপত্রাদি যাচাই-বাছাই করে পিটিশনারের প্রশিক্ষণ সনদ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান না থাকায় অর্থাৎ নিয়োগকালীন কামা যোগ্যতা না থাকায় এবং উক্ত মামলার রায়ের বিরুদ্ধে ৫নং রেসপনডেন্ট কর্তৃক আপীল বিভাগে সিপিএলএ ৩৫০০/১৯ দায়ের করায় পিটিশনার জনাব মো: আবু খায়েরকে এমপিও প্রদানের সুযোগ নেই মর্মে জানিয়ে দেয়া হয়।

০৭। যেহেতু রিট মামলার এক অংশের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে ৫নং রেসপনডেন্ট জনাব মো: আব্দুল বাকী কর্তৃক আপীল বিভাগে সিপিএলএ ৩৫০০/১৯ দায়ের করা হয়েছে এবং পিটিশনারের প্রশিক্ষণ সনদ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান না থাকায় অর্থাৎ নিয়োগকালীন কামা যোগ্যতা না থাকায় পিটিশনার জনাব মো: আবু খায়েরকে এমপিওভুক্ত করার সুযোগ নেই মর্মে DTE কর্তৃক অবহিত করা হয়েছে সেহেতু আপীল মামলা বিচারাধীন থাকায় রিট মামলার রায় স্থগিত করা আবশ্যিক। আপীল মামলায় কোন শুনানি হয়েছে কিনা; হয়ে থাকলে কি আদেশ হয়েছে উহার তথ্য জানাও প্রয়োজন।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ মামলায় ০৩.০৪.১৯ তারিখের রায়ের বিরুদ্ধে দায়েরকৃত আপীল বিভাগে সিপিএলএ নং-৩৫০০/১৯ মামলা বিচারাধীন থাকায় রিট মামলার রায় স্থগিতসহ আপীল মামলায় কোন শুনানি হয়েছে কিনা; হয়ে থাকলে কি আদেশ হয়েছে উহার তথ্য আগামী ২৫.০৩.২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।